গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন
টিসিবি ভবন (৪র্থ তলা), ১ কাওরান বাজার, ঢাকা-১২১৫
ওয়েব সাইট: www.berc.org.bd, ফ্যাক্স: +৮৮০২ ৫৫০১৩৫১৮

বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশনের ৭৬তম উন্মুক্ত সভার কার্যবিবরণী।

সভাপতি : জনাব মনোয়ার ইসলাম, চেয়ারম্যান, বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন।
তারিখ ও সময় : ২০ সেপ্টেম্বর ২০১৮, সকাল ১১:০০ টা।
স্থান : শুনানি কক্ষ, বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন।
উপস্থিতির তালিকা: পরিশিষ্ট “ক” ।

সভাপতি বিদ্যুৎ, গ্যাস ও পেট্রোলিয়াম লাইসেন্স সম্পর্কিত বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশনের ৭৬তম উন্মুক্ত সভায় সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতি বিদ্যুৎ বিভাগ, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ, বিভিন্ন সংস্থা, বিদ্যুৎ, গ্যাস ও পেট্রোলিয়াম লাইসেন্সি প্রতিনিধিবৃন্দ, চেম্বার ও অন্যান্য সংস্থা/প্রতিষ্ঠান হতে আগত প্রতিনিধিবৃন্দকে সভায় উপস্থিত হওয়ার জন্য আন্তরিকভাবে ধন্যবাদ জ্ঞাপন করেন। সভাপতি উল্লেখ করেন যে, বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন আইন, ২০০৩ ও বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন লাইসেন্স প্রবিধানমালা, ২০০৬ (সংশোধন ২০১৬) অনুযায়ী সংশ্লিষ্ট পক্ষের আবেদনের পরিপ্রেক্ষিতে বিইআরসি হতে বিদ্যুৎ উৎপাদন, এনার্জি সঞ্চালন, বিপণন, সরবরাহ, মজুদকরণ ও বিতরণের জন্য লাইসেন্স প্রদান করা হয়। বিদ্যুৎ, গ্যাস ও পেট্রোলিয়ামজাত পদার্থের ব্যবসায়ে নিয়োজিত প্রতিষ্ঠানসমূহকে লাইসেন্স প্রদানের ক্ষেত্রে বিদ্যুৎ বিভাগ, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ, পরিবেশ অধিদপ্তর, বাংলাদেশ ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, বিস্ফোরক পরিদপ্তর, কনজ্যুমার অ্যাফেয়ার্স অব বাংলাদেশ (ক্যাব), চেম্বার ও অন্যান্য দপ্তরের মতামত কমিশন অত্যন্ত গুরুত্বের সাথে বিবেচনা করে মর্মে সভাপতি উল্লেখ করেন।

২। সভাপতির অনুমতিক্রমে কমিশনের পরিচালক (বিদ্যুৎ), পরিচালক (গ্যাস) ও পরিচালক (পেট্রোলিয়াম) আলোচ্যসূচী অনুযায়ী বিদ্যুৎ শাখার ৩৬(ছত্রিশ)টি, গ্যাস শাখার ৯ (নয়)টি ও পেট্রোলিয়াম শাখার ৩৩ (তেতত্রিশ)টি লাইসেন্স অনুমোদনের প্রস্তাব উপস্থাপন করেন।

৩। সভায় লাইসেন্স প্রদানের জন্য উপস্থাপিত বিদ্যুৎ, গ্যাস ও পেট্রোলিয়াম শাখার প্রতিষ্ঠানসমূহের বিষয়ে আপত্তি বা মতামত প্রদানের জন্য উপস্থিত সকলের প্রতি আহ্বান জানানো হয়। কোন প্রতিষ্ঠানের বিষয়ে কোন আপত্তি পাওয়া যায়নি।

৪। সভায় জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের প্রতিনিধি জানান যে, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ হতে recycled লুব অয়েল ও লুব বেজ অয়েল আমদানি নিষিদ্ধ করা হয়েছে। এ বিষয়ে সংশ্লিষ্ট সকলকে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের অনুরোধ জানানো হয়।

৫। বিদ্যুৎ শাখার ৩৬(ছত্রিশ)টি প্রতিষ্ঠানের বিষয়ে কোন আপত্তি না থাকায় তাদের অনুকূলে লাইসেন্স প্রদানের বিষয়ে সভায় একমত পোষণ করা হয়।

৬। গ্যাস শাখার উপস্থাপিত ৯(নয়)টি প্রতিষ্ঠানের বিষয়ে কোন আপত্তি না থাকায় তাদের অনুকূলে লাইসেন্স প্রদানের বিষয়ে সভায় একমত পোষণ করা হয়।

৭। পেট্রোলিয়াম শাখার ৩৩ (তেতত্রিশ)টি প্রতিষ্ঠানের বিষয়ে কোন আপত্তি না থাকায় তাদের অনুকূলে লাইসেন্স প্রদানের বিষয়ে সভায় একমত পোষণ করা হয়।

৮। সিদ্ধান্ত: সভায় বিস্তারিত আলোচনার পর নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহিত হয়:

(ক) বিদ্যুৎ শাখার নিম্নবর্ণিত ৩৬ (ছত্রিশ)টি প্রতিষ্ঠানের অনুকূলে লাইসেন্স প্রদানের প্রস্তাব অনুমোদন করা হয়:

আলোচ্য সূচী নং	প্রতিষ্ঠানের নাম, ঠিকানা ও লাইসেন্সের ধরণ
ওএম/৭৬/০১	ইসিপিভি চিটাগাং লিমিটেড (কোলাগাঁও, থানা: পটিয়া, জেলা: চট্টগ্রাম) এর অনুকূলে এইচএফও ভিত্তিক ১১২.৮৮ মে:ও: আইপিপি ক্যাটাগরির জন্য বিদ্যুৎ উৎপাদন লাইসেন্স;
ওএম/৭৬/০২	লাকদানাভি বাংলা পাওয়ার লিমিটেড (জাঙ্গালিয়া, কুমিল্লা) এর অনুকূলে এইচএফও ভিত্তিক ৫৩.৫৪৪ মে:ও: আইপিপি ক্যাটাগরির জন্য বিদ্যুৎ উৎপাদন লাইসেন্স;
ওএম/৭৬/০৩	সিনহা পিপলস এনার্জি লিমিটেড (কাঠপট্টি, গোপচর (কুরেরপাড়), আলীরটেক, নারায়ণগঞ্জ) এর অনুকূলে এইচএফও ভিত্তিক ৫৪.৫৩ মে:ও: আইপিপি ক্যাটাগরির জন্য বিদ্যুৎ উৎপাদন লাইসেন্স;
ওএম/৭৬/০৪	ইউনাইটেড আশুগঞ্জ এনার্জি লিমিটেড (আশুগঞ্জ, ব্রাহ্মণবাড়িয়া) এর অনুকূলে গ্যাস ভিত্তিক ২১০.৭০ মে:ও: আইপিপি ক্যাটাগরির জন্য বিদ্যুৎ উৎপাদন লাইসেন্স;
ওএম/৭৬/০৫	সামিট বিবিয়ানা II পাওয়ার কোম্পানি লিমিটেড (বিবিয়ানা, হবিগঞ্জ) এর অনুকূলে গ্যাস ভিত্তিক ৩৪৯ মে:ও: আইপিপি ক্যাটাগরির জন্য বিদ্যুৎ উৎপাদন লাইসেন্স;
ওএম/৭৬/০৬	সামিট নারায়ণগঞ্জ পাওয়ার ইউনিট II লিমিটেড (মদনগঞ্জ, নারায়ণগঞ্জ) এর অনুকূলে এইচএফও ভিত্তিক ৬২.৬১২ মে:ও: আইপিপি ক্যাটাগরির জন্য বিদ্যুৎ উৎপাদন লাইসেন্স;
ওএম/৭৬/০৭	সিএলসি পাওয়ার কোম্পানি লিমিটেড (ওয়াসপুর, বসিলা, কেরানিগঞ্জ) এর অনুকূলে এইচএফও ভিত্তিক ১০৯ মে:ও: আইপিপি ক্যাটাগরির জন্য বিদ্যুৎ উৎপাদন লাইসেন্স অনুমোদন;
ওএম/৭৬/০৮	সামিট বরিশাল পাওয়ার লিমিটেড (রূপাতলী, বরিশাল) এর অনুকূলে এইচএফও ভিত্তিক ১১৯.৫৩২ মে:ও: আইপিপি ক্যাটাগরির জন্য বিদ্যুৎ উৎপাদন লাইসেন্স অনুমোদন;
ওএম/৭৬/০৯	ঢাকা সাউদার্ন পাওয়ার জেনারেশনস লিমিটেড (দৌলতপুর, ডাকঘর: মাশাইল, থানা: নবাবগঞ্জ, জেলা: ঢাকা) এর অনুকূলে এইচএফও ভিত্তিক ৫৮.৪৬৬ মে:ও: আইপিপি ক্যাটাগরির জন্য বিদ্যুৎ উৎপাদন লাইসেন্স;
ওএম/৭৬/১০	পাওয়ারপ্যাক মুতিয়ারা জামালপুর পাওয়ার প্ল্যান্ট লিমিটেড (ওয়ার্ড নং: ০৬, শাহাপুর, জামালপুর সদর, জামালপুর) এর অনুকূলে এইচএফও ভিত্তিক ৯৪.৮৪৩ মে:ও: আইপিপি ক্যাটাগরির জন্য বিদ্যুৎ উৎপাদন লাইসেন্স;
ওএম/৭৬/১১	ডিজিটাল পাওয়ার অ্যান্ড অ্যাসোসিয়েট লিমিটেড (কাশিপুর, গগনগর, নারায়ণগঞ্জ) এর অনুকূলে এইচএফও ভিত্তিক ১০২ মে:ও: আইপিপি ক্যাটাগরির জন্য বিদ্যুৎ উৎপাদন লাইসেন্স;
ওএম/৭৬/১২	ভেঞ্চার এনার্জি রিসোর্সেস লিমিটেড (পূর্ব চরখালী, খেয়াঘাট, ভোলা) এর অনুকূলে গ্যাস ভিত্তিক আরপিপি ক্যাটাগরির ৩৭.৮০ মে:ও: বিদ্যুৎ উৎপাদন লাইসেন্স;
ওএম/৭৬/১৩	বানকো এনার্জি জেনারেশন লিমিটেড (মীরকাদিম, কমলাঘাট বাজার, মুন্সিগঞ্জ) এর অনুকূলে এইচএফও ভিত্তিক ৫৩.৯৭২ মে:ও: আইপিপি ক্যাটাগরির জন্য বিদ্যুৎ উৎপাদন লাইসেন্স;
ওএম/৭৬/১৪	ইউনাইটেড ময়মনসিংহ পাওয়ার লিমিটেড (চর যথার্থপুর, ০৩ নং লক্ষ্মীচর, জামালপুর সদর, জামালপুর) এর অনুকূলে এইচএফও ভিত্তিক ২০০ মে:ও: আইপিপি ক্যাটাগরির জন্য বিদ্যুৎ উৎপাদন লাইসেন্স;
ওএম/৭৬/১৫	সেকশন সেভেন অ্যাপারেলস লিমিটেড (প্লট নং: ০১ ও ০২, সেক্টর-৬/এ, চট্টগ্রাম এক্সপোর্ট প্রসেসিং জোন, চট্টগ্রাম-৪২২৩) এর অনুকূলে ডিজেল ভিত্তিক ১.২ মে:ও: ক্যাপটিভ পাওয়ার প্ল্যান্টের জন্য বিদ্যুৎ উৎপাদন লাইসেন্স;
ওএম/৭৬/১৬	গ্যালাক্সি সোয়েটার্স অ্যান্ড ইয়ার্ণ ডায়িং লিমিটেড (ভাদাম, নিশাতনগর, টঙ্গী, গাজীপুর) এর অনুকূলে গ্যাস ভিত্তিক ৫.৪০ মে:ও: ক্যাপটিভ পাওয়ার প্ল্যান্টের জন্য বিদ্যুৎ উৎপাদন বিদ্যুৎ উৎপাদন লাইসেন্স;
ওএম/৭৬/১৭	সুপ্রভ মিলাঞ্জ স্পিনিং লিমিটেড (ভাদাম, নিশাতনগর, টঙ্গী, গাজীপুর) এর অনুকূলে গ্যাস ভিত্তিক ৫.৯১৬ মে:ও: ক্যাপটিভ পাওয়ার প্ল্যান্টের জন্য বিদ্যুৎ উৎপাদন লাইসেন্স;
ওএম/৭৬/১৮	ভার্গো এম এইচ লিমিটেড (৪৩/২, গাজীপুরা, ডাকঘর: বিওএফ, গাজীপুর সদর, গাজীপুর) এর অনুকূলে ডিজেল ভিত্তিক ১.০৪ মে:ও: ক্যাপটিভ পাওয়ার প্ল্যান্টের জন্য বিদ্যুৎ উৎপাদন লাইসেন্স;